২৭/৮/২০০০

# দৈনিক ইনকিলাব

তারিখ ..........................
পৃষ্ঠা ৭ কলাম ৬......

## হলগুলোকে বহিরাগত ও অস্ত্রমুক্ত করা না হলে ক্যাম্পাস অচল করে দেয়া হবে — লান্টু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** হলে হলে সহাবস্থান নিশ্চিত, হল থেকে অস্ত্র উদ্ধার ও বহিরাগত সন্ত্রাসীদের গ্রেফতারের দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। ডাকসু ভবনের সম্মুখে সমাবেশে ছাত্রদল সাধারণ সম্পাদক সাহাবুদ্দীন লান্টু বলেন, হলগুলোকে বহিরাগত ও অস্ত্রমুক্ত করতে বিশ্ববিদালয় কর্তৃপক্ষের কোন সদিচ্ছা নেই। হলগুলোতে বহিরাগত সন্ত্রাসীদের অবস্থান এবং প্রকাশ্যে অস্ত্রের প্রদর্শন হওয়া সত্ত্বেও কর্তৃপক্ষ নীরব ভূমিকা পালন করছে। তিনি অবিলম্বে হলগুলোতে সহাবস্থান ও ছাত্রলীগের বহিরাগত ক্যাডারদের গ্রেফতারের দাবী জানিয়ে বলেন, অন্যথায় ক্যাম্পাস অচল করে দেয় হবে।

ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে এবং নূরুল ইসলাম নয়নের পরিচালনায় সমাবেশ অনুষ্ঠিত হয়। এ সময় আরো উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সহ-সভাপতি আজিজুল বারী হেলাল, সুলতান সালাউদ্দিন টুকু, আলী আশরাফ, আব্দুল বারী ড্যানি, শফিউল বারী বাবু, সেলিমুজ্জামান সেলিম, ফরহাদ হোসেন আজাদ, আব্দুল কাদের জুয়েল, আসাদুজ্জামান আসাদ, মাযহারুল ইসলাম বাবু, এস এম মুনীর, আব্দুল হালিম খোকন প্রমুখ। সমাবেশে মনির হোসেন বলেন, শেখ হাসিনা বিএনপি'র নেতৃবৃন্দের নামে যে কুৎসা রটাচ্ছেন তা আওয়ামী লীগের ক্যাডারদের গডফাদারদের অপকর্ম আড়াল করার অপপ্রয়াস মাত্র।

**মামলার প্রতিবাদ**

ছাত্রদল সভাপতি নাসির উদ্দীন আহমেদ পিন্টু ও সাধারণ সম্পাদক সাহাবুদ্দীন লান্টু এক বিবৃতিতে বরিশাল জেলা (উত্তর) ছাত্রদলের সভাপতি জিয়াউদ্দিন সুজন, মেহেন্দীগঞ্জ থানার সাবেক নেতা রিয়াজ শাহী লিটন, আসাদুজ্জামান মুক্তা, থানা সাধারণ সম্পাদক মুকুল, বাবুল পালোয়ান, আমজাদ হোসেন, জিমি, খোকন, সালাউদ্দিন পিপলু, মাসুদ, বাবু, আক্তার, ইউনুস, রুপক, সেলিম, রিয়াজসহ ৪০ জন ছাত্রদল নেতা-কর্মীর বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক মামলা দায়েরের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। নেতৃদ্বয় আরসি কলেজ শাখার সাধারণ সম্পাদক লাভলুকে হত্যার উদ্দেশ্যে কুপিয়ে জখম করার নিন্দা জানিয়ে ঘটনার সাথে জড়িত আওয়ামী সন্ত্রাসীদের